# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৭৫

তারিখঃ ১৪ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৭৭তম কমিশন সভা অদ্য ২৬/০২/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. এমারেল্ড ওয়েল ইন্ডাস্ট্রিজ লিঃ তাদের ৩০ জুন, ২০১৭ সালে সমাপ্ত বছরের বার্ষিক হিসাব বিবরণী দাখিলে ব্যর্থ হওয়ার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 12 (3A) লংঘন করেছে।

উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় এমারেল্ড ওয়েল ইন্ডাস্ট্রিজ লিঃ এর প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতীত) ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও স্পন্সর, পরিচালক (স্বতন্ত্র পরিচালক ব্যতীত), প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান ফাইন্যান্সিয়াল কর্মকর্তা, কোম্পানী সচিব এবং হেড অব ইন্টারনাল অডিট অ্যান্ড কমপ্লায়েন্স –এর সকল বিও (BO) হিসাব ফ্রিজ (Freeze) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২. পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোঃ লিঃ এর পরিচালক হিসেবে মোনা গার্মেন্টস লিঃ পূর্ব ঘোষণা ব্যতিরেকে পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোঃ লিঃ এর শেয়ার বিক্রির মাধ্যমে কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48, তারিখঃ July 14, 2010 ভঙ্গ করেছেন।

উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোঃ লিঃ এর পরিচালক মোনা গার্মেন্টস লিঃ -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. স্বতন্ত্র পরিচালকের শূন্য পদ নির্দিষ্ট সময় (৯০ দিন) এর মধ্যে পূরণ না করে ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড কর্পোরেট গর্ভন্যান্স কোড সংক্রান্ত কমিশনের Notification No. BSEC/CMRRCD/2006-158/207/admin/80, তারিখঃ June 3, 2018 এর Condition No. 1.(2)(d) ভঙ্গ করেছে।

উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

Rahman
26/02/2019

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd